বিয়ের দাবিতে প্রেমিকের বাড়িতে অবস্থান কলেজছাত্রীর

বগুড়ার শিবগঞ্জ উপজেলার ভুরঘাটা গ্রামে বিয়ের দাবিতে জয়নাল আবেদীন নয়ন (৩২) নামে প্রেমিকের বাড়িতে অবস্থান নিয়েছেন এক কলেজছাত্রী (২৫)। সোমবার দুপুরে কীটনাশকের বোতল নিয়ে নয়নের বাড়িতে হাজির হন তিনি।

নয়ন ভুরঘাটা গ্রামের আব্দুল জলিল প্রামাণিকের ছেলে এবং ওই ছাত্রী বগুড়া সদর উপজেলার বাসিন্দা।

জানা যায়, বিয়ের দাবিতে ওই ছাত্রী প্রেমিকের বাড়িতে গেলে নয়নের পরিবারের সবাই ঘরে তালা দিয়ে সরে পড়ে। এ খবর ছড়িয়ে পড়লে এলাকার উৎসুক লোকজন সেই ছাত্রীকে দেখতে আব্দুল জলিলের বাড়িতে ভিড় জমায়।

অবস্থানরত ছাত্রী জানান, ১০ বছর ধরে নয়নের সঙ্গে তার প্রেমের সম্পর্ক। বিয়ের প্রলোভন দেখিয়ে নয়ন তাকে বিভিন্ন জায়গায় নিয়ে শারীরিক সম্পর্ক করেছেন। তার সঙ্গে বিভিন্ন জায়গায় গিয়ে ছবি উঠিয়েছেন নয়ন। মোবাইল ও ফেসবুক মেসেঞ্জারে প্রতিনিয়ত তাদের কথা হতো। বিয়ের কথা বললে আজ নয় কাল, কাল নয় পরশু- এভাবে তাকে ঘোরাতে থাকেন নয়ন।

কিছুদিন আগে তিনি জানতে পারেন, নয়ন অন্যত্র বিয়ে করছেন। এক পর্যায়ে তার সঙ্গে নয়ন সব ধরনের যোগাযোগ বন্ধ করে দেন। বাধ্য হয়ে তিনি সোমবার নয়নের বাড়িতে গিয়ে অবস্থান নেওয়ার সিদ্ধান্ত নেন।

শিবগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান জানান, এ ব্যাপারে তিনি কোনো অভিযোগ পাননি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।